দৈনিক বাংলা

10 DEC 1991

তারিখ ... 10 DEC 1991
পৃষ্ঠা ... ৯ কলাম ... 9

146

# ক্যাম্পাসে বিক্ষোভ গুলি ঃ টিয়ার গ্যাস ঃ তিন গাড়ি ভস্মীভূত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্রলীগ (শা-অ) কর্মী মাসুমকে গ্রেফতারের প্রতিক্রিয়া হিসাবে সোমবার সন্ধ্যা থেকে ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে ব্যাপক গোলাগুলি ও গাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটে।

সোমবার সন্ধ্যা ৭টা ২০ মিনিটে প্রেস ক্লাবের দিক থেকে ছাত্র লীগের (শা-অ) একটি মিছিল টিএসসি'র মোড়ে পৌঁছানোর পর ৫/৬ রাউন্ড গুলিবর্ষণের ঘটনা ঘটে। এর পরপরই জগন্নাথ হল, এস এম হল ও জহরুল হক হল থেকে বিক্ষিপ্তভাবে ৫০/৬০ রাউন্ড গুলি বর্ষিত হয়।

পুলিশ এসময় বিক্ষোভকারী ছাত্রদের ছত্রভঙ্গ করতে ১৫/২০ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ছাত্রলীগের (শা-অ) কিছু কর্মী পলাশীর মোড়ে একটি মাইক্রোবাসে (ঢাকা মেট্রো চ-৮২০৪) অগ্নিসংযোগ করে। চালক জ্বলন্ত মাইক্রোবাসটি চালিয়ে নীলক্ষেত মোড়ে নিয়ে আসে। এছাড়া এস এম হলের মোড়ে একটি মোটর সাইকেল এবং বকশী বাজারের কাছে একটি প্রাইভেট কারে (ঢাকা ক-০২-৩১১০) অগ্নিসংযোগ করা হয়।

ক্যাম্পাসে তীব্র উত্তেজনা বিরাজ করছে।

ছাত্রলীগ (শা-অ) সংগঠনের নেতা মাসুম আহমদের গ্রেফতারের প্রতিবাদে গতকাল সন্ধ্যায় ক্যাম্পাস থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি টিএসসি, দোয়েল চত্বর হয়ে জাতীয় প্রেসক্লাবের সামনে এসে সমাবেশে মিলিত হয়। ছাত্রনেতা কামরুল আহসান, মমতাজউদ্দীন মেহেদী, কামরুজ্জামান

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে বিক্ষোভ

(প্রথম পৃঃ পর)

আনসারী, খিজির হায়াত লিজু, মিজানুর রহমান প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ ছাত্রলীগ নেতা-কর্মীদের উপর দমন-নির্যাতন ও গ্রেফতার বন্ধের দাবী জানিয়ে বলেন, অন্যথায় সরকারের বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে। তাঁরা গ্রেফতারকৃত সকল ছাত্রলীগ নেতা-কর্মীকে অবিলম্বে মুক্তিদানের দাবীজানান।

ছাত্রলীগের (শা-অ) ভারপ্রাপ্ত সভাপতি আহমদ হোসেন এবং সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল এক বিবৃতিতে মাসুম আহমদের গ্রেফতারের তীব্র নিন্দা করে বলেছেন, বর্তমান সরকার গণতন্ত্রের লেবাসে নব্য স্বৈরাচারী কায়দায় ছাত্রলীগ নেতা-কর্মীদের হয়রানি করছে। তাঁরা অবিলম্বে মাসুম আহমদের মুক্তির দাবী জানান।